



শিশু রামিসা হত্যা মামলায় সোহেল-স্বপ্নার মৃত্যুদণ্ড



সংগৃহীত ছবি

রাজধানীর পল্লবীতে শিশু রামিসা ধর্ষণ ও হত্যা মামলায় প্রধান আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না খাতুনকে মৃত্যুদণ্ড দিয়েছেন ঢাকা মহানগর আদালত। একইসঙ্গে তাদের ৫ লাখ টাকা জরিমানা করা হয়েছে।

রোববার (৭ জুন) ঢাকা মহানগর শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালের বিচারক মাসরুর সালেকীন এ রায় ঘোষণা করেন।

রায়ে আদালত বলেন, সোহেল রানা হত্যার আগে রামিসাকে ধর্ষণ করেন এবং পরে হত্যার ঘটনায় তার সম্পৃক্ততার প্রমাণ পাওয়া গেছে। আদালতে দেওয়া জবানবন্দীতেও তিনি অপরাধ স্বীকার করেন। বিচারক আরও উল্লেখ করেন, ঘটনার পর পালাতে স্বপ্না খাতুন তাকে সহযোগিতা করেন।

রায় ঘোষণাকে কেন্দ্র করে আদালত এলাকায় বাড়তি নিরাপত্তা নেওয়া হয়। সকালেই দুই আসামিকে আদালতে হাজির করা হয়। এর আগে গত বৃহস্পতিবার মামলার যুক্তিতর্ক শেষ হলে আদালত রায়ের জন্য ৭ জুন দিন নির্ধারণ করেন।

গত ১৯ মে পল্লবীতে প্রতিবেশী সোহেল রানার বাসা থেকে দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থী রামিসার মরদেহ উদ্ধার করা হয়। পরে পুলিশ অভিযুক্তদের গ্রেপ্তার করে এবং মাত্র ছয় দিনের মধ্যে আদালতে অভিযোগপত্র জমা দেয়। আলোচিত এ মামলায় ১৬ জন সাক্ষ্য দিয়েছেন।